

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৩২.০০৬.২০১৭-৩০৬৩

তারিখঃ ০৪-০৮-২০১৮খ্রিঃ।

বিষয়ঃ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।


নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তিটি (রঙিন) আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার (একাধিক সংস্করণ প্রকাশিত হলে সকল সংস্করণে) প্রথম অথবা শেষ পৃষ্ঠায় (বিজ্ঞাপনের আয়তন ৫''x ৪ কলামে) আগামী ০৫-০৮-২০১৮ খ্রিঃ তারিখে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ০৩টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। বিজ্ঞাপন প্রকাশের ব্যয় এ অথরিটির প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাত ৪৮৩৩(৩/৫০৪৩/০০০০/৪৮৩৩) থেকে নির্বাহ করা হবে।

ফিটনেসবিহীন মোটরযান, ড্রাইভিং লাইসেন্সবিহীন ও মেয়াদোত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্স কিংবা কাগজপত্র না নিয়ে মোটরযান চালানোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সড়কপথে দুর্ঘটনা এড়াতে ও নিরাপদ ভ্রমণ নিশ্চিত করতে ফিটনেসবিহীন মোটরযান, ড্রাইভিং লাইসেন্সবিহীন ও মেয়াদোত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্স নিয়ে গাড়ি না চালানোর জন্য বিভিন্ন জাতীয় দৈনিকে বিআরটিএ কর্তৃক বারংবার বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। তারপরও, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি-বেসরকারি/ব্যক্তিগত বিভিন্ন প্রকার মোটরযানের বিভিন্ন কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন না করে গাড়ি চালাচ্ছেন যা বেআইনি। তাই জরুরি ভিত্তিতে সকল প্রকার মোটরযানের ফিটনেস, ট্যাক্স টোকেন, রুট পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং গাড়ি চালকের ড্রাইভিং লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হল। অন্যথায়, সড়কপথে এ সকল গাড়ি চালালে সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন, রুট পারমিট ও চালকের ড্রাইভিং লাইসেন্স বাতিলসহ আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। আরও লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু যানবাহনের মালিক ড্রাইভারদের ড্রাইভিং লাইসেন্স যাচাই না করে নিয়োগ দিচ্ছেন। যার ফলে সড়কপথে দুর্ঘটনাসহ নানা অপ্রীতিকর/বেআইনি কর্মকান্ড সংঘটিত হচ্ছে। উল্লেখ্য যে, বিআরটিএ'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ঢাকা মহানগরী ও এর আশেপাশে ফিটনেসবিহীন মোটরযান, ড্রাইভিং লাইসেন্সবিহীন ও মেয়াদোত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্স নিয়ে গাড়ি চালানোসহ মোটরযান অধ্যাদেশের অধীনে বিভিন্ন অপরাধের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করছেন। তাছাড়া ৬৪ জেলার জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে এতদসংক্রান্তে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। সড়কপথে শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং জেল জরিমানা এড়ানোর লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গাড়ির সকল কাগজপত্র (ড্রাইভিং লাইসেন্স, ফিটনেস ও অন্যান্য কাগজপত্র) হালনাগাদ করে সড়কপথে গাড়ি চালানোর জন্য অনুরোধ করা হল।

বিআরটিএ


(নুর মোহাম্মদ মজুমদার)
যুগ্মসচিব
পরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন: ৫৮১৫৪৭০

বিতরণঃ

সম্পাদক

১। দৈনিক যুগান্তর ২। দৈনিক ইত্তেফাক ৩। দৈনিক বাংলাদেশ প্রতিদিন ৪। দৈনিক জনকণ্ঠ ৫। দৈনিক সমকাল
৬। দৈনিক আমাদের সময় ৭। দৈনিক প্রথম আলো ৮। The Daily Star

অনুলিপি :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জনাব, শাহজাহান কবীর, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।